50

দৈনিক ইত্তেফাক

তারিখ 31 MAY 1997
পৃষ্ঠা ১ কলাম ৭

ঢাকা বিশ্ববিদ্যালয়

# একাডেমিক ও প্রশাসনিক কাঠামো আধুনিকায়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনা

আনোয়ার আলদীন ॥ একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাঠামোকে আরও আধুনিকায়নের লক্ষ্যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা চূড়ান্ত করা হইয়াছে। এই পরিকল্পনায় বিজ্ঞান ও প্রযুক্তির প্রায়োগিক শিক্ষা এবং উচ্চতর মানববিদ্যার যে সকল দিক উন্নয়নের সঙ্গে সরাসরি সম্পৃক্ত তাহাকে প্রাধান্য দেওয়া হইয়াছে। একই সঙ্গে এই পরিকল্পনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বেতন, ভর্তি ফি, পরীক্ষার ফি ও হলের সিট ভাড়া বৃদ্ধির সিদ্ধান্ত রাখা হই-

(১৫শ পৃ:-১-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

য়াছে। আগামী ১লা জুলাই হইতে এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন শুরু হইবে বলিয়া ভিসি প্রফেসর এ কে আজাদ চৌধুরী জানাইয়াছেন। উল্লেখ্য, স্বাধীনতা-উত্তরকালে দীর্ঘদিন দ্বিবার্ষিক পরিকল্পনার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালিত হইয়া আসিতেছে।

পঞ্চবার্ষিকী পরিকল্পনার অধীনে বিজ্ঞান শিক্ষা, গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে ৩টি পৃথক উচ্চতর আধুনিক গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠা করা হইবে। ইহার জন্য দশতলার একটি টাওয়ার নির্মিত হইবে। উহা ছাড়া তরুণ শিক্ষকদের প্রশিক্ষণ, এম এস এবং পিএইচডি ডিগ্রী অর্জনের জন্য নিয়মিত বিদেশে প্রেরণ করা হইবে। বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষা উন্নয়নে বিভিন্ন দেশের বিশ্ববিদ্যালয়ের সহিত ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথ কর্মসূচী নিয়া কাজ করিবে। বিজ্ঞান শিক্ষায় উৎসাহ সৃষ্টির জন্য ছাত্র-ছাত্রীদের আরও সুযোগ সুবিধা দেওয়া হইবে। একাডেমিক অবকাঠামো ও ক্লাস রুম সমস্যা সমাধানে লেকচার থিয়েটার, কার্জন হল, কলা ভবনসহ অন্যান্য ভবন সংস্কার ও সম্প্রসারণ করা হইবে। কলা ভবন ৪তলা হইতে বৃদ্ধি করিয়া ৫ তলায় উন্নীত করা হইবে।

আবাসিক সমস্যা সমাধানে নিউ মার্কেটের পশ্চাৎভাগের শাহনেওয়াজ ছাত্রাবাসটি ভাঙ্গিয়া বহুতলবিশিষ্ট একটি ভবন নির্মাণ করা হইবে। এই ভবনের নীচের অংশে থাকিবে মার্কেট ও ব্যবসায়িক প্রতিষ্ঠান এবং উপরে ছাত্রাবাস ও শিক্ষক এপার্টমেন্ট। ইহাছাড়া ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক দুইটি হলও নির্মিত হইবে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ও একটি বহুমুখী ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে। টিএসসি সংস্কার ও সম্প্রসারণ করা হইবে। এখানে ৭ তলার একটি ভবন নির্মাণের পরিকল্পনা রহিয়াছে। ইহা হইবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এলামনাই, ভিজিটিং প্রফেসর ও গবেষকদের জন্য। বিশ্ববিদ্যালয়ের আলোক সমস্যা সমাধানে ক্যাম্পাসে সকলস্থানে পর্যাপ্ত আলোকের ব্যবস্থা করা হইবে। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় ফাণ্ডে ৪ কোটি টাকার আয় জমা হইয়াছে। ইহা বিশ্ববিদ্যালয়ের গ্রীনরোড সুপার মার্কেটের ভাড়া হইতে আসিয়াছে। ইহাছাড়া কাটাবন মার্কেট হইতে অর্থ পাওয়া যাইতেছে। এই মার্কেটটিও সম্প্রসারিত হইবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ভর্তি ফী, হলের সিট ভাড়া, টিউশন ফী ও পরীক্ষার ফী পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বৃদ্ধির সিদ্ধান্ত হইয়াছে। ইহা বাস্তবায়িত হইলে আরও অর্থ আয় হইবে। বিশ্ববিদ্যালয়ের আয়ের বাহিরে যে অর্থ প্রয়োজন পড়িবে তাহা দিবে সরকার ও দাতারা।